

অনুচ্ছেদ ৬.২ - তারিখঃ ৫/১২/২৩ ৫:১৯ অপরাহ্ন

ঢাকা ওয়াসা বোর্ডের ৩০৮-তম সভার সিদ্ধান্ত নং-০২ মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের চূড়ান্ত হিসাব নিরীক্ষার জন্য ম্যাবস এন্ড জে পার্টনার্স, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ফার্ম কে নিয়োগ প্রদান করা হয়। সে অনুযায়ী নিরীক্ষা ফর্ম তাদের ০৬ জনের একটি নিরীক্ষা প্রতিনিধি দল নিযুক্ত করেছেন এবং গত ১৪ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ থেকে নিরীক্ষা কার্যক্রম শুরু করেছেন।

Hussain Farhad & Co., Chartered Accountants Firm কর্তৃক ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং

খন ও অনুদানের হালনাগাদ তথ্য ঢাকা ওয়াসার ২০২২-২০২৩ অর্থ বছরের আর্থিক বিবরণীতে সংযোজন হওয়ায় নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে বিলম্ব হবে বলে নিরীক্ষকগণ জানিয়েছেন। নিরীক্ষা কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে নিরীক্ষকগণ সাপ্তাহিক ছুটির দিন শনিবার এবং কর্ম দিবসে রাত অবধি কাজ করে যাচ্ছেন। বহিঃ নিরীক্ষা ফার্মের নিরীক্ষকগণের মানসম্মত আপ্যায়ন ও স্টেশনারী ক্রয় বাবদ ৩০ নভেম্বর, ২০২৩ পর্যন্ত প্রতিদিন গড়ে = ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) হারে ৫৫ কর্ম দিবসের জন্য অর্থ উত্তোলন করা হয়। নিরীক্ষা কার্যক্রম চলমান থাকায় আরও ২৫ দিনের জন্য গড়ে = ৩৫০০ টাকা হারে ৩৫০০*২৫ = ৮৭৫০০ টাকা উত্তোলন করা প্রয়োজন। এছাড়াও নিরীক্ষকগণকে সহযোগীতা করার জন্য হিসাব বিভাগের কর্মকর্তাগণকেও রাত অবধি অফিসে অবস্থান করতে হয়। তাহাদের আপ্যায়নের জন্য থোক = ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা প্রয়োজন।

উপরিউক্ত বর্ণনার আলোকে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে যা, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

ক) ২০২২-২০২৩ অর্থ বছরের আর্থিক প্রতিবেদন নিরীক্ষার জন্য নিরীক্ষা প্রতিনিধি দলের আপ্যায়ন ও অন্যান্য খরচ এবং নিরীক্ষকগণকে সহযোগীতাকারী কর্মকর্তা ও কর্মচারীগণের আপ্যায়ন বাবদ সর্বমোট = ১,১২,৫০০/- (এক লক্ষ বার হাজার পাঁচশত) টাকা প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসাবে উত্তোলনের সদয় অনুমোদন।

খ) উক্ত ব্যয়ভার ঢাকা ওয়াসার এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট এর “আপ্যায়ন” খাত হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

 ৫/১২/২৩ ৫:২০ অপরাহ্ন মোঃ আনোয়ার হোসেন গাজী হিসাব রক্ষণ কর্মকর্তা হিসাব বিভাগ-১	 ৬/১২/২৩ ৫:৪১ অপরাহ্ন নিশাত মজুমদার প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) একাকউন্টস ডিপার্টমেন্ট	 ৭/১২/২৩ ৯:৫২ পূর্বাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ ব্যবস্থাপনা পরিচালক (ফিন্যান্স) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ফিন্যান্স) এর দপ্তর	 ৭/১২/২৩ ৯:৫২ পূর্বাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
---	---	--	--

অনুচ্ছেদ ৬.৩ - তারিখঃ ১৩/১২/২৩ ১২:২৪ পূর্বাহ্ন

Okay


১৩/১২/২৩ ১২:২৫ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

নথি। ডিজিটাল নথি ব্যবস্থাপনা